



# বিধবা ভাতা প্রকল্প

নারী ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর

## প্রকল্পের উদ্দেশ্য

স্বহায়-সম্বলহীন বিধবাদের মাসিক ১০০০ টাকা পেনশন প্রদান।

## কারা এই সুবিধা পেতে পারেন

পশ্চিমবঙ্গে অন্ততপক্ষে ১০ বছর বসবাস করছেন এমন বিধবা যার মাসিক পারিবারিক আয় অনধিক ১০০০ টাকা এবং তাকে ভরণপোষণের জন্য কোনও আত্মীয় নেই।

## কী কী নথি প্রয়োজন

- ১) উপযুক্ত কর্তৃপক্ষের থেকে পাওয়া স্বামীর মৃত্যুর শংসাপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি।
- ২) আধার কার্ডের ফটোকপি।
- ৩) ভোটার কার্ডের ফটোকপি।
- ৪) ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পাতার ফটোকপি যেখানে অ্যাকাউন্ট নম্বর, আই এফ এস কোড, এম আই সি আর কোড আছে।
- ৫) পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- ৬) আবেদনকারী যে আবার বিয়ে করেননি এই মর্মে স্বঘোষণাপত্র।
- ৭) পারিবারিক আয় সংক্রান্ত স্বঘোষণাপত্র।

## কোথায় যোগাযোগ করবেন

প্রয়োজনীয় নথিসহ পূরণ করা আবেদনপত্রটি গ্রামীণ এলাকায় বিডিও অফিসে এবং শহরাঞ্চলে মহকুমাশাসকের অফিসে, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকার ক্ষেত্রে কন্ট্রোলার অফ ভ্যাগ্রান্সির অফিসে(পূর্ত ভবন, সল্টলেক) জমা করতে হবে। এছাড়াও দুয়ারে সরকার ক্যাম্পের নির্দিষ্ট কাউন্টারে যোগাযোগ করতে পারেন।

বিশদে জানার জন্য URL: <https://jaibangla.wb.gov.in> ওয়েবসাইট দেখুন।